দৈনিক
ইত্তেফাক

তারিখ 11 SEP 2016
পৃষ্ঠা … কলাম …

# সরকারি সুফিয়া মহিলা কলেজে বাংলা ও পদার্থ বিভাগে শিক্ষক নেই

■ মাদারীপুর প্রতিনিধি

স্থানীয় সরকারি সুফিয়া মহিলা কলেজে বর্তমানে বাংলা ও পদার্থ বিভাগে একজন শিক্ষকও নেই। শিক্ষকদের অতিরিক্ত দায়িত্ব দিয়ে অনেকটা দায়সারা গোছের এ দুটি বিভাগের ক্লাস চলছে। সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক না থাকায় শিক্ষার্থীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। মাদারীপুর জেলা সদরে অবস্থিত এ সরকারি কলেজটিতে দীর্ঘদিন যাবৎ বাংলা ও পদার্থ বিভাগের প্রভাষকের পদ দু'টি শূন্য। কলেজটিতে সহস্রাধিক ছাত্রী লেখাপড়া করে আসছে। পদার্থ বিভাগের ২০ জন ছাত্রী খুবই দুশ্চিন্তায় রয়েছে। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ রীনা রানী বৈদ্য বাংলা ও ইংরেজি বিভাগে দীর্ঘদিন যাবৎ কোনো প্রভাষক নেই বলে নিশ্চিত করেছেন।